**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

## ফেব্রুয়ারি, ২০২৪ মাসের জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

**সভাপতি :** **মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী**
**জেলা ম্যাজিস্ট্রেট**
**নড়াইল**

তারিখ : ১১ ফেব্রুয়ারি ২০২৪, সকাল ১০:০০ ঘটিকা

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নড়াইল

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য)

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট গত ১৪ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় জেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

**নড়াইল জেলার জানুয়ারি, ২০২৪ মাসের তুলনামূলক অপরাধ পরিসংখ্যান নিম্নরূপ**

| মাসের নাম | থানার নাম | ডাকাতি | | | দস্যুতা | খুন | আইন- শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার আইন/২০০২) | দাঙ্গা | নারী নির্যাতন | | | শিশু নির্যাতন | অপহরণ | পুলিশ আক্রান্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ডাকাতি | খুনসহ ডাকাতি | মোট | | | | | ধর্ষণ | নারী অপহরণ | অন্যান্য | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **জানুয়ারি ২০২৪** | নড়াইল সদর | - | - | - | - | - | - | - | - | - | ২ | - | - | - |
| **ডিসেম্বর ২০২৩** | | - | - | - | - | - | - | - | - | - | - | ১ | - | - |
| **জানুয়ারি ২০২৪** | লোহাগড়া | - | - | - | - | ২ | - | - | - | ১ | ১ | - | - | - |
| **ডিসেম্বর ২০২৩** | | - | - | - | ১ | - | - | - | - | ১ | ১ | - | - | - |
| **জানুয়ারি ২০২৪** | কালিয়া | - | - | - | - | - | - | - | - | ১ | - | - | - | - |
| **ডিসেম্বর ২০২৩** | | - | - | - | - | - | - | - | - | ১ | ১ | - | - | - |
| **জানুয়ারি ২০২৪** | নড়াগাতী | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| **ডিসেম্বর ২০২৩** | | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| **জানুয়ারি ২০২৪** | **সর্বমোট** | - | - | - | - | ২ | - | - | - | ২ | ৩ | - | - | - |
| **ডিসেম্বর ২০২৩** | **সর্বমোট** | - | - | - | ১ | - | - | - | - | ২ | ২ | - | - | - |

| মাসের নাম | চুরি | | | আইসিটি এ্যাক্ট ২০০৬ সংক্রান্ত মামলা | পর্ণোগ্রাফি এ্যাক্ট সংক্রান্ত মামলা | মানব পাচার সংক্রান্ত মামলা | জঙ্গি সংক্রান্ত মামলা | কিশোর গ্যাং অপরাধ সংক্রান্ত মামলা | সড়ক দুর্ঘটনা সংক্রান্ত মামলা | অস্ত্র আইন সংক্রান্ত মামলা | মাদক দ্রব্য সংক্রান্ত মামলা | অন্যান্য | রুজুকৃত সর্বমোট মামলা | অপ-মৃত্যু মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | গাড়ী চুরি | সিধেল চুরি | অন্যান্য চুরি | | | | | | | | | | | |
| | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ |
| **জানুয়ারি ২০২৪** | - | ১ | ২ | - | - | - | - | - | - | ১ | ৮ | ১২ | ২৬ | ৪ |
| **ডিসেম্বর ২০২৩** | - | - | ৩ | - | - | - | - | - | ২ | - | ১৬ | ১৩ | ৩৫ | ৭ |
| **জানুয়ারি ২০২৪** | ১ | - | ২ | - | - | - | - | - | - | - | ৫ | ১৩ | ২৫ | ৪ |
| **ডিসেম্বর ২০২৩** | - | - | ২ | - | - | - | - | - | - | - | ৫ | ২১ | ৩১ | ৬ |
| **জানুয়ারি ২০২৪** | - | - | ১ | - | - | - | - | - | - | - | ৮ | ৫ | ১৫ | ২ |
| **ডিসেম্বর ২০২৩** | - | ১ | - | - | - | - | - | - | - | - | ৭ | ৩ | ১৩ | ৩ |
| **জানুয়ারি ২০২৪** | - | - | - | - | - | - | - | - | - | - | ২ | ৩ | ৫ | ৪ |
| **ডিসেম্বর ২০২৩** | - | - | - | - | - | - | - | - | - | - | - | ৬ | ৬ | ২ |
| **সর্বমোট জানুয়ারি ২০২৪** | ১ | ১ | ৫ | - | - | - | - | - | - | ১ | ২৩ | ৩৩ | ৭১ | ১৪ |
| **সর্বমোট ডিসেম্বর ২০২৩** | - | ১ | ৫ | - | - | - | - | - | ২ | - | ২৮ | ৪৩ | ৮৫ | ১৮ |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | অপরাধ সংক্রান্ত | উপর্যুক্ত ছকে উল্লিখিত পুলিশ প্রতিবেদন মোতাবেক নড়াইল জেলায় জানুয়ারি, ২০২৪ মাসে ৭১টি নিয়মিত মামলা রুজু হয়েছে; যা গত ডিসেম্বর, ২০২৩ মাসে ছিল ৮৫টি। ডাকাতি দস্যুতা, আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ, দাঙ্গা, শিশু নির্যাতন, অপহরণ, পুলিশ আক্রান্ত, ডিজিটাল নিরাপত্তা আইন, আইসিটি এ্যাক্ট, পর্ণোগ্রাফি এ্যাক্ট সংক্রান্ত মামলা, মানব পাচার সংক্রান্ত মামলা, জঙ্গি সংক্রান্ত মামলা, কিশোর গ্যাং এবং সড়ক দুর্ঘটনা সংক্রান্ত কোন অপরাধ সংঘটিত হয়নি। পুলিশ সুপার, নড়াইল সভায় জানান যে, বর্তমানে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও নিয়ন্ত্রণে রয়েছে। | সংঘটিত অপরাধসমূহের তদন্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করে আদালতে প্রতিবেদন প্রেরণ করতে হবে। জেলার অপরাধ দমন/প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও তৎপর হতে হবে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখতে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে। | পুলিশ সুপার নড়াইল ও জেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবর্গ |
| ২ | সার্বিক আইন-শৃঙ্খলা সংক্রান্ত | পুলিশ সুপার, নড়াইল সভায় জানান যে, গত মাসের তুলনায় বিবেচ্য মাসে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো তবে জানুয়ারি ২০২৪ মাসে ২টি হত্যাকান্ড হয়েছে। আসামীদের গ্রেপ্তার করা হয়েছে এবং এতদসংশ্লিস্ট ১৬৪ ধারায় জবানবন্দি গ্রহণ করা হয়েছে। অন্যান্য হত্যা মামলাসহ সকল মামলার আসামীদের গ্রেপ্তারের কার্যক্রম অব্যাহত আছে। হত্যাকান্ডসহ সকল অপরাধসমূহের তদন্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করে আদালতে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। তিনি জনসাধারণকে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আহ্বান জানান। জেলার কোথাও মাদকের বিষয়ে কোন তথ্য পেলে তাৎক্ষণিক সমন্বিত অভিযান পরিচালনাসহ মোবাইল কোর্টকে পুলিশ বিভাগ অব্যাহত সহযোগিতা প্রদান করে আসছে। ইভটিজিং ও মাদক প্রতিরোধে সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে। জেলার অপরাধ দমন/প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও তৎপর করা হচ্ছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখতে সকল থানার অফিসার ইনচার্জসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছে। জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। সারাদেশের ন্যায় নড়াইলেও সাম্প্রতিক সময়ে কিশোরগ্যাং দ্বারা বিভিন্ন সন্ত্রাসী কর্মকান্ড প্রতিরোধে ব্যবস্থ গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয় । এছাড়া নড়াইল চেম্বার এর সভাপতি জনাব মো: হাসানুজ্জামান এর বাড়িতে ডাকাতির বিষয়ে ও আউড়িয়া কৃষি মেলাস্থল থেকে চুরি হওয়া কম্পিউটার ও রাউটার উদ্ধারের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | এ জেলার হত্যা মামলাসহ অন্যান্য গুরুতর মামলায় জড়িত সকল আসামীদের গ্রেপ্তারসহ কোথাও কোন হত্যাকান্ড যেন না ঘটে সেদিকে সজাগ দৃষ্টি রাখাসহ নড়াইলে সাম্প্রতিক সময়ে কিশোরগ্যাং দ্বারা বিভিন্ন সন্ত্রাসী কর্মকান্ড প্রতিরোধ এবং নড়াইল চেম্বার এর সভাপতি জনাব মো: হাসানুজ্জামান এর বাড়িতে ডাকাতির বিষয়ে ও আউড়িয়া কৃষি মেলাস্থল থেকে চুরি হওয়া কম্পিউটার ও রাউটার উদ্ধারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ করা হয়। এছাড়া হত্যা-কান্ডসহ সকল অপরাধসমূহের তদন্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করে আদালতে প্রতিবেদন প্রেরণসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখতে সার্বিক মনিটরিং অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ সুপার, নড়াইল |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৩ | মাদক সংক্রান্ত | জানুয়ারি/২০২৪ মাসে নড়াইল জেলার সদর, লোহাগড়া এবং কালিয়া উপজেলাধীন নড়াগাতীসহ বিভিন্ন এলাকার মাদক ব্যবসায়ী/মাদক সেবনকারীর তথ্য সংগ্রহ করে তাদের আইনের আওতায় আনয়নের লক্ষ্যে মোট ৯১টি মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ১২টি মামলার মধ্যে নিয়মিত মামলা ০২টি এবং মোবাইল কোর্ট মামলা করা হয়েছে ১০টি। গাঁজা উদ্ধার করা হয়েছে ১ কেজি ২৫০ গ্রাম, ইয়াবা ৫৫পিস। মোট আসামী ১৩ জন এর ১০জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ডসহ ৮,৩০০/- টাকা অর্থদণ্ড প্রদান করা হয়েছে। তাছাড়া শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ০৮(আট)টি মাদকবিরোধী গণসচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে এবং ছাত্র-ছাত্রীদের মাঝে মাদকের ক্ষতিকর দিক সম্বলিত লিফলেট ১৮২০টি এবং খাতা ৯৩০টি, এক্রিলিকবোর্ড-৫০টি, কলম ৮৫০টি, টিশার্ট-৩০টি, ব্যাগ-২০টি, মগ-২০টি, ফেস্টুন-৫০টি বিতরণ করা হয়েছে। এছাড়া জেলার মাদক প্রতিরোধে মাদক ব্যবসায়ী/মাদক সেবনকারীর তথ্য সংগ্রহ করে তাদের আইনের আওতায় এনে নড়াইল জেলাকে মাদকমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিয়মিত মাদকবিরোধী অভিযান অব্যাহত আছে। অনলাইনের মাধ্যমেও মাদকের ক্রয়-বিক্রয় পরিচালিত হচ্ছে। ফলে বিভিন্ন কুরিয়ার সার্ভিস অফিসে রক্ষিত রেজিস্টারাদি পর্যালোচনা/তল্লাশিসহ স্কুল/কলেজের শিক্ষার্থী ও যুব সমাজকে মাদক থেকে রক্ষার জন্য পুলিশ টহল অব্যাহত রাখার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | এ জেলার মাদক প্রতিরোধে অনলাইন মাদকের ক্রয়-বিক্রয় যেন হতে না পারে সে জন্য বিভিন্ন কুরিয়ার সার্ভিস অফিসে রক্ষিত রেজিস্টারাদি পর্যালোচনা/তল্লাশি অব্যাহত থাকবে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী উপকরণ বিতরণ কার্যক্রম চলমান থাকবে। স্কুল/কলেজের শিক্ষার্থী ও যুব সমাজকে মাদক থেকে রক্ষার লক্ষ্যে অভিভাবকদের অধিক সচেতন থাকতে হবে। এ বিষয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে। মাদক ব্যবসায়ী/মাদক সেবনকারীর তথ্য সংগ্রহ করে তাদের আইনের আওতায় এনে নড়াইল জেলাকে মাদকমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পুলিশ টহল অব্যাহত রাখার জন্য পুলিশ সুপার, নড়াইল/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নড়াইলকে অনুরোধ করা হয়। মাদক ও গুরুতর অপরাধের মামলায় আসামীরা যেন জামিন/খালাস না পায় সে বিষয়ে রাষ্ট্রপক্ষে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর (পিপি) ও কোর্ট ইন্সপেক্টর, নড়াইলকে অনুরোধ করা হয়। | পুলিশ সুপার, নড়াইল/ সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নড়াইল/ বিজ্ঞ পিপি/ কোর্ট ইন্সপেক্টর নড়াইল |
| ৪ | শিক্ষা সংক্রান্ত | জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল সভায় জানান যে, নতুন বছরে নড়াইল জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের দ্বারা পড়ালেখার পরিবেশ যেন বিঘ্নিত না হয় সেদিকে লক্ষ্য রাখা ও নৈতিক অবক্ষয় রোধে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদান, কুইজ প্রতিযোগিতা ও সৃজনশীল পদ্ধতিতে শিক্ষার্থীদের জ্ঞান সঞ্চয়ের জন্য বই পড়ার আগ্রহ সৃষ্টি করা এবং সকল মাদ্রাসায় যেন জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীতের মাধ্যমে নিয়মিত সমাবেশ অনুষ্ঠিত হয় সে বিষয়ে সংশ্লিষ্ট 44টি মাদ্রাসা প্রধানদেরকে অবহিত করা হয়েছে এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে এ মাসের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করার জন্য নির্দেশনাবলী প্রতিষ্ঠান প্রধানদেরকে প্রদান করা হয়েছে। নৈতিক অবক্ষয়রোধে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদান বিষয়ে এ জেলাধীন সকল প্রাথমিক বিদ্যালয়ে দৈনিক সমাবেশের সময় প্রধান শিক্ষকগণ কর্তৃক নির্দেশনা প্রদান অব্যাহত রয়েছে। | ১। নড়াইল সদর উপজেলাধীন শিবশংকর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অফিস কক্ষের তালা ভেঙ্গে চুরি হওয়া ২টি লেনোভো ল্যাপটপ এবং ১টি হিটাছি ও ১টি ইপসন প্রজেক্টর উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ করা হয়।<br>২। জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের দ্বারা পড়ালেখার পরিবেশ যেন বিঘ্নিত না হয় সেদিকে লক্ষ্য রাখা ও নৈতিক অবক্ষয় রোধে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদান, কুইজ প্রতিযোগিতা ও সৃজনশীল পদ্ধতিতে শিক্ষার্থীদের জ্ঞান সঞ্চয়ের জন্য বই পড়ার আগ্রহ সৃষ্টি করা এবং সকল মাদ্রাসায় যেন জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীতের মাধ্যমে নিয়মিত সমাবেশ অনুষ্ঠিত হয় সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিক্ষা | পুলিশ সুপার, নড়াইল<br><br>জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪ | শিক্ষা সংক্রান্ত | এছাড়াও ০৩ মাস অন্তর অন্তর প্রতিটি বিদ্যালয়ে মা ও অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়। গত ২৫/০১/২০২৪ তারিখ বৃহস্পতিবার নড়াইল সদর উপজেলাধীন শিবশংকর সরকারি প্রাথমিক বিদ্যালয় ছুটির পর যথারীতি বিদ্যালয়ের অফিস কক্ষ তালা বন্ধ করে সকল শিক্ষক বাড়ী চলে যান এবং ২৮/০১/২০২৪ তারিখ যথাসময়ে বিদ্যালয়ে প্রবেশ করে দেখতে পান অফিস কক্ষের তালা ভেঙ্গে আলমারীতে রাখা ২টি লেনোভো ল্যাপটপ এবং ১টি হিটাছি ও ১টি ইপসন প্রজেক্টর চুরি হয়েছে। যার প্রেক্ষিতে প্রধান শিক্ষক সদর থানায় ৩০/০১/২০২৪ তারিখ এজাহার করেছেন। উক্ত বিদ্যালয়ে স্থায়ী কোন নাইটগার্ড নেই। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করেন। | অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইলকে অনুরোধ করা হয়। | জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল |
| ৫ | পাসপোর্ট অফিস সংক্রান্ত | উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল সভায় জানান যে, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল এর নবনির্মিত নিজস্ব ভবনে পাসপোর্ট সেবা কার্যক্রম অব্যাহত আছে। বর্তমানে কোন সমস্যা নেই। পাসপোর্ট অফিসের দৃশ্যমান স্থানে পাসপোর্ট আবেদনকারীদের স্বার্থে সিটিজেন চার্টারসহ ব্যানার, ফেস্টুন ইত্যাদি টানানো হয়েছে। এছাড়া আগত সেবা গ্রহীতাদের পাসপোর্ট সেবা কার্যক্রম অব্যাহত আছে। | অফিসে আগত সেবা গ্রহীতাদের পাসপোর্ট সেবা কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপসহকারী পরিচালক আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল |
| ৬ | স্বাস্থ্য সংক্রান্ত | ১। সিভিল সার্জন, নড়াইল সভায় জানান যে, সঠিক স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে মোবাইল কোর্টের মাধ্যমে লোহাগড়া আলা মুন্সীর মোড় মোঃ শফিকুল ইসলাম নামক এক ভূয়া ডাক্তারকে ৩ মাসের কারাদন্ড দেয়া হয়েছে, নড়াইলে ১২টি ডায়গনস্টিক ও ক্লিনিক পরিদর্শন করা হয়েছে, ৫টি ডায়াগনষ্টিক সেন্টারের মালিককে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও ভোক্তা অধিকারের মাধ্যমে ১,৪০,০০০/- টাকা জরিমানা করা হয়েছে, এছাড়া নড়াইল সদরের পল্লী চিকিৎসক হীরক কুমার দাসকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।<br><br>২। ভারত সরকার কর্তৃক নড়াইল জেলার মুক্তিযোদ্ধাদের জন্য ৩ বছর পূর্বে প্রদত্ত এ্যাম্বুলেন্সটি নড়াইল সদর উপজেলার মাদ্রাসা বাজারে বিসমিল্লাহ্ গ্যারেজে পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে মর্মে সভায় আলোচনা হয় । | ১। ভূয়া ডাক্তার ও নিবন্ধনবিহীন ক্লিনিকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ নড়াইল জেলায় ডেঙ্গু প্রতিরোধে গ্রামে গ্রামে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখাসহ নড়াইল জেলার সকল হাসপাতালে রোগীদের সঠিকভাবে স্বাস্থ্যসেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জন, নড়াইল/তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, নড়াইলকে অনুরোধ করা হয় ।<br>২। ভারত সরকার কর্তৃক নড়াইল জেলার মুক্তিযোদ্ধাদের জন্য প্রদত্ত এ্যাম্বুলেন্সটি নড়াইল সদর উপজেলার মাদ্রাসা বাজারে বিসমিল্লাহ্ গ্যারেজে পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকার বিষয়টি একজন প্রতিনিধির মাধ্যমে খতিয়ে দেখার জন্য সিভিল সার্জন, নড়াইল অনুরোধ করা হয়। | সিভিল সার্জন, নড়াইল/ তত্ত্বাবধায়ক সদর হাসপাতাল, নড়াইল<br><br>সিভিল সার্জন, নড়াইল |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৭ | বিবিধ আলোচনা | নড়াইল জেলার রূপগঞ্জ বাজারসহ সকল বাজারে আসন্ন রমজান মাসে দোকান মালিকগণ অধিক মুনাফা লাভের আশায় যেন দ্রব্যমূল্য বৃদ্ধি করতে না পারে সে বিষয়ে সভায় অভিমত প্রকাশ করা হয়। রূপগঞ্জ বাজারসহ বাজারের অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য মনিটরিং ও প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা এবং লাইসেন্সধারী কর্তৃক অবৈধ এজেন্ট নিয়োগ ও তাদের মাধ্যমে ইন্টারনেট রিসেলিং কার্যক্রম পরিচালনা যেন না করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া নড়াইল জেলা প্রশাসন কর্তৃক গৃহীত আসন্ন একুশের সকল কর্মসূচিতে সকলের অংশগ্রহণের উপর সভায় গুরুত্বারোপ করা হয় | নড়াইল জেলার রূপগঞ্জ বাজারসহ সকল বাজারে আসন্ন রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য মনিটরিং ও প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা এবং লাইসেন্সধারী কর্তৃক অবৈধ এজেন্ট নিয়োগ ও তাদের মাধ্যমে ইন্টারনেট রিসেলিং কার্যক্রম পরিচালনা যেন না করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। এছাড়া নড়াইল জেলা প্রশাসন কর্তৃক গৃহীত আসন্ন একুশের সকল কর্মসূচিতে সকলের অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়। | পুলিশ সুপার নড়াইল ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নড়াইল |
| ৮ | জানুয়ারি, ২০২৪ মাসের মোবাইল কোর্ট সংক্রান্ত | মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর আওতায় জানুয়ারি, ২০২৪ মাসে ১৭টি আইনে ৫৭টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মামলার সংখ্যা ১০১টি, দন্ডিত ব্যক্তির সংখ্যা ১০৫জন, এদের নিকট থেকে মোট **২,৯০,৬০০/-(দুই লক্ষ নব্বই হাজার ছয়শত)** টাকা জরিমানা আদায় করা হয়েছে। দন্ডিত ব্যক্তিদের মধ্যে ২১ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়েছে। | মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান অব্যাহত রাখাসহ বিভিন্ন আইনের আওতায় মোবাইল কোর্ট আরও জোরদার করতে হবে। | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল |

## নড়াইল জেলার জানুয়ারি, ২০২৪ মাসের মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত তথ্য

| যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে | মোবাইল কোর্ট পরিচালনার তারিখ | মোবাইল কোর্টের সংখ্যা | মোবাইল কোর্ট পরিচালনার স্থান (উপজেলা/ থানা) | মামলার সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | | আইনের ৬(৪)/৬ (৫)/ ৭(৪) ধারায় গৃহীত কার্যক্রম যদি থাকে | আপিলের সংখ্যা/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অর্থ দন্ড | কারাদন্ড | অর্থ দন্ড অনাদয়ে কারাদন্ড | | |
| ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ | ১,৩,৭,১০,১২, ১৫,২২,২৩,২৪, ২৮,৩১ | ১১ | নড়াইল সদর লোহাগড়া কালিয়া | ১৫ | ১৫ | ৫২,২০০/- | - | - | - | - |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ | ১,৪,৯,১০,১৪, ১৫,২৩,২৪,২৬ | ০৯ | নড়াইল সদর | ১০ | ১০ | ৮,৩০০/- | ১০টি মামলায় ১০জন আসামিকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড | - | - | - |
| সড়ক পরিবহন আইন, ২০১৮ | ১,৬,১০,১১,১৩, ১৬,১৭,২৭,২৮ | ০৯ | নড়াইল সদর | ২৮ | ২৮ | ৩১,৪০০/- | - | - | - | - |
| বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ | ১৫ | ০১ | লোহাগড়া | ০১ | ০১ | ৫০,০০০/- | - | - | - | - |
| অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ | ৫,৭,১৮,২৮ | ০৪ | নড়াইল সদর | ১০ | ১০ | ১৪,২০০/- | - | - | - | - |
| মেডিকেল প্রাকটিস এবং বেসরকারি ক্লিনিক ও ল্যাবরেটরি (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৮২ | ১৭ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ৫,০০০/- | - | - | - | - |
| পেট্রোলিয়াম আইন, ২০১৬ | ১,৬,৯ | ০৩ | নড়াইল সদর লোহাগড়া | ০৫ | ০৫ | ২১,০০০/- | - | - | - | - |

| যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে | মোবাইল কোর্ট পরিচালনার তারিখ | মোবাইল কোর্টের সংখ্যা | মোবাইল কোর্ট পরিচালনার স্থান (উপজেলা/ থানা) | মামলার সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | | আইনের ৬(৪)/৬ (৫)/ ৭(৪) ধারায় গৃহীত কার্যক্রম যদি থাকে | আপিলের সংখ্যা/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অর্থ দন্ড | কারাদন্ড | অর্থ দন্ড অনাদয়ে কারাদন্ড | | |
| বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ | ৩০ | ০১ | লোহাগড়া | ০১ | ০১ | -- | ১টি মামলায় ১জন আসামিকে ৩মাসর বিনাশ্রম কারাদন্ড | - | - | - |
| দন্ডবিধি, ১৮৬০ | ২,১২,২৩,২৭ | ০৪ | নড়াইল সদর কালিয়া | ০৭ | ১১ | ৩০,৫০০/- | - | - | - | - |
| করাত-কল (লাইসেন্স) বিধিমালা-২০১২ | ১ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ৩,০০০/- | - | - | - | - |
| ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ | ১৩০,১৩,২৮ | ০৩ | নড়াইল সদর | ০৪ | ০৪ | ৩৯,০০০/- | - | - | - | - |
| শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ | ১,২১,২৪ | ০৪ | নড়াইল সদর | ০৯ | ০৯ | ১৭,৫০০/- | - | - | - | - |
| সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা-২০০৮ | ৩,৪ | ০২ | লোহাগড়া | ০৪ | ০৪ | ৮,০০০/- | - | - | - | - |
| Food Act,1956 & Foodgrain Supply Ordinance, 1979 | ২৮ | ০১ | নড়াইল | ০১ | ০১ | ৭,০০০/- | - | - | - | - |
| খাদ্যদ্রব্য উৎপাদন, মজুত, স্থানান্তর, পরিবহণ, সরবরাহ, বিতরণ ও বিপণন আইন ২০২৩ | ২৫ | ০১ | কালিয়া | ০২ | ০২ | ২,০০০/- | - | - | - | - |
| কৃষি বিপণন আইন, ২০১৮ | ১০ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ৫০০/- | - | - | - | - |
| বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ | ৫ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ১,০০০/- | - | - | - | - |
| | **সর্বমোট** | **৫৭** | | **১০১** | **১০৫** | **২,৯০,৬০০/-** | **১১** | **-** | **-** | **-** |

## বিবিধ সিদ্ধান্তঃ

(ক) নড়াইল জেলার আইন-শৃঙ্খলার অবনতি ও নাশকতা যাতে না ঘটে সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য পুলিশ সুপার, নড়াইলসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(খ) মাদকের বিরুদ্ধে সতর্ক দৃষ্টি রাখতে এবং জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশি টহল বৃদ্ধিকরণ, রাত্রিকালীন পাহারা ও কমিউনিটি পুলিশিং কার্যক্রম জোরদার করার জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ করা হয়।

(গ) মাদকাসক্তি, বাল্যবিবাহ ও যৌন হয়রানিসহ অন্যান্য সামাজিক সমস্যা হতে সমাজকে মুক্ত করার লক্ষ্যে সামাজিক আন্দোলন গড়ে তোলা, শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(ঘ) জঙ্গি তৎপরতারোধে সজাগ দৃষ্টি রাখাসহ আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল
টেলিফোন : ০২-৪৭৭৭৭৩৩০১
ই-মেইল : dcnarail@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫০০.৩০৪.০২.০২৫.২৪. তারিখ : ০৩.০৩.২০২৪ খ্রি.

বিষয় : নির্ধারিত ছকে ফেব্রুয়ারি, ২০২৪ মাসের মোবাইল কোর্ট পরিচালনার প্রতিবেদন প্রেরণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের ৫ জুলাই ২০১১ খ্রি. তারিখের ০৪.৫২.২০০.০০.১১৩.২০১১-৯০ নম্বর স্মারক ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রেরিত ছক মোতাবেক নড়াইল জেলার ফেব্রুয়ারি, ২০২৪ মাসের (০১.০২.২০২৪ হতে ২৯.০২.২০২৪ পর্যন্ত) পরিচালিত মোবাইল কোর্ট সংক্রান্ত প্রতিবেদন নিম্নবর্ণিত নির্ধারিত ছক ও সংশোধিত ছকে মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

**ফেব্রুয়ারি, ২০২৪ মাসের মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন**

| যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে | মোবাইল কোর্ট পরিচালনার তারিখ | মোবাইল কোর্টের সংখ্যা | মোবাইল কোর্ট পরিচালনার স্থান (উপজেলা/ থানা) | মামলার সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | | আইনের ৬(৪)/৬(৫)/ ৭(৪) ধারায় গৃহীত কার্যক্রম যদি থাকে | আপিলের সংখ্যা/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অর্থ দন্ড | কারাদন্ড | অর্থ দন্ড অনাদয়ে কারাদন্ড | | |
| ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ | ৭,২০,২৯ | ০৩ | নড়াইল সদর লোহাগড়া | ০৩ | ০৩ | ১২,০০০/- | - | - | - | - |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ | ৪,৯,১১,১২,১৫, ১৭,২২,২৬ | ০৯ | নড়াইল সদর লোহাগড়া | ১১ | ১১ | ৯,২০০/- | ১১টি মামলায় ১১জন আসামিকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড | - | - | - |
| সড়ক পরিবহন আইন, ২০১৮ | ১৮,২৪,২৫, ২৯ | ০৪ | নড়াইল সদর | ২০ | ২০ | ৩২,৭০০/- | - | - | - | - |
| বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ | ৭ | ০১ | লোহাগড়া | ০১ | ০১ | ৫০,০০০/- | - | - | - | - |
| অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ | ৭,২৫ | ০২ | নড়াইল সদর লোহাগড়া | ০৪ | ০৪ | ১০,০০০/- | - | - | - | - |
| পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ | ১৫ | ০১ | নড়াইল সদর | ০২ | ০২ | ২,৫০০/- | - | - | - | - |
| বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ | ১৮ | ০১ | কালিয়া | ০২ | ০২ | ২৫,০০০/- | - | - | - | - |
| বাংলাদেশ হোটেল ও রেঁস্তোরা আইন, ২০১৪ | ১৯ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ৪,০০০/- | - | - | - | - |
| দন্ডবিধি, ১৮৬০ | ৪,১৩,১৫,২২ | ০৪ | নড়াইল সদর কালিয়া | ০৭ | ০৮ | ৪০,৫০০/- | ০২টি মামলায় ০২জন আসামিকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড | - | - | - |
| করাত-কল (লাইসেন্স) বিধিমালা-২০১২ | ২৭ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ১০,০০০/- | - | - | - | - |
| ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ | ৭ | ০১ | লোহাগড়া | ০১ | ০১ | ৫০,০০০/- | - | - | - | - |
| শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ | ১৬,১৮,২৮ | ০৩ | নড়াইল সদর | ০৮ | ০৮ | ১৪,৫০০/- | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ | ১৪ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ১০,০০০/- | - | - | - | - |
| খাদ্যদ্রব্য উৎপাদন, মজুত, স্থানান্তর, পরিবহণ, সরবরাহ, বিতরণ ও বিপণন আইন ২০২৩ | ১,৪ | ০২ | কালিয়া | ০৮ | ০৮ | ১৫,৫০০/- | - | - | - | - |
| মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন, ২০১০ | ১১,১৫,২০ | ০৩ | নড়াইল সদর লোহাগড়া কালিয়া | ০৫ | ০৫ | ১৯,০০০/- | - | - | - | - |
| বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ | ২০,২৫,২৬ | ০৩ | নড়াইল সদর | ০৯ | ০৯ | ২৭,০০০/- | - | - | - | - |
| বংগীয় প্রকাশ্য জুয়া আইন, ১৮৬৭ | ২৭ | ০১ | লোহাগড়া | ০২ | ০২ | ২০০/- | - | - | - | - |
| | **সর্বমোট** | **৪১** | | **৮৬** | **৮৭** | **৩,৩২,১০০/-** | **১৩** | **-** | **-** | **-** |

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল

নুরেন মায়িশা খান
সহকারী কমিশনার
জুডিসিয়াল মুন্সিখানা
জেলা প্রশাসকের কার্যাল
নড়াইল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

## ফেব্রুয়ারি, ২০২৪ মাসের জেলা আদালত সহায়তা কমিটির সভার কার্যবিবরণী

**সভাপতি :** **মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী**
**জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল**

তারিখ : ১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. সময় : সকাল ১০:৪০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নড়াইল

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য)

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল জেলা আদালত সহায়তা কমিটির কার্যক্রম সংক্রান্ত জানুয়ারি, ২০২৪ মাসের তথ্য বিবরণী সভায় উপস্থাপন করেন; যা নিম্নরূপ-

| সভার সংখ্যা | ফৌকাবি ৩৭৩ ধারায় প্রাপ্ত মোট রায়ের সংখ্যা | আপিলযোগ্য রায়ের সংখ্যা | আপিল দায়েরের সংখ্যা | রিভিশন দায়েরের সংখ্যা | দায়রা জজ আদালতে দায়েরকৃত আপিল/ রিভিশনের সংখ্যা | মাননীয় হাইকোর্ট বিভাগে আপিল/ রিভিশনের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৩০ | ১৪ | ১৫ | ০৬ | ২১ | - | - |

অতঃপর আদালত সহায়তা কমিটির কার্যক্রম সংক্রান্ত তথ্য এবং মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখার পরিপত্র নম্বর-০৪.০০.০০০০.৫২২.০৪.২১.২০১৭-২৯০; তারিখ: ২৭ আগস্ট ২০১৭-এ বর্ণিত কার্যপদ্ধতি এবং কর্মপরিধির বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্তসমূহ :</u>

১। বিজ্ঞ দায়রা জজ আদালত, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং অন্যান্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে প্রসিকিউশনের পক্ষে রাষ্ট্রবাদী মামলাসমূহের রায়ের কপি এ কার্যালয়ের জে.এম শাখায় সংরক্ষণ করে সভায় উপস্থাপন করতে হবে।

২। বিজ্ঞ পিপি, নড়াইল ও কোর্ট পরিদর্শক, নড়াইল প্রতিমাসের ৪ তারিখের মধ্যে নির্ধারিত ছকে জেলা প্রশাসকের কার্যালয়ের জে.এম শাখায় মামলাসমূহের তথ্য প্রেরণ করবেন।

চলমান পাতা-২

৩। পরিপত্রের নির্দেশনা অনুযায়ী পুলিশ সুপার, সিভিল সার্জন, বিজ্ঞ পিপি ও সংশ্লিষ্ট বিজ্ঞ আইনজীবীগণকে সমন্বিতভাবে বিচারকার্যে সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়।

৪। ফৌ.কা.বি. ১৮৯৮-এর ৩৭৩ ধারার বিধানমতে জেলা ম্যাজিস্ট্রেট বরাবর রাষ্ট্রবাদী মামলাসমূহের রায়ের কপি প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং অন্যান্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে প্রসিকিউশনের পক্ষে নিয়োজিত বিজ্ঞ সরকারি আইনজীবী ও পুলিশ কর্মকর্তাদের অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল
টেলিফোন : ০২-৪৭৭৭৭৩৩০১
ই-মেইল : dcnarail@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

**ফেব্রুয়ারি, ২০২৪ মাসের জেলা চোরাচালান মামলা নিষ্পত্তি সংক্রান্ত মনিটরিং সেলের সভার কার্যবিবরণী**

**সভাপতি : মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী**
**জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল**

তারিখ : ১১ ফেব্রুয়ারি ২০২৪ সময় : সকাল ১০:৫৫ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নড়াইল

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য)

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**জানুয়ারি, ২০২৪ মাসের চোরাচালান মামলার পরিসংখ্যানগত তথ্যচিত্র নিম্নের ছকে দেখানো হলো :**

সাধারণ ফাইল :

| গত মাসের জের | বর্তমান মাসে আগত | মোট | বর্তমান মাসে সাধারণ ফাইলে নিষ্পত্তি | বর্তমান মাসে বিচার ফাইলে বদলি | মাস শেষে অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|
| -- | -- | -- | -- | -- | -- |

বিচার ফাইল

| গত মাসের জের | বর্তমান মাসে আগত | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | | মাস শেষে অনিষ্পন্ন | সাধারণ ফাইলে ও বিচার ফাইলে মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|
| | | | সাজা | খালাস | | |
| ০৩ | - | ০৩ | - | - | - | ০৩ |

**সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১. চোরাচালান সংক্রান্ত সাধারণ ও বিচার ফাইলে ০৩টি মামলা দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন রয়েছে। মামলাসমূহ কী কারণে দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন রয়েছে সে বিষয়টি আগামী সভায় উপস্থাপনসহ আদালতে সাক্ষীর সাক্ষ্য প্রদানের মাধ্যমে মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, নড়াইল ও বিজ্ঞ পিপি, নড়াইলকে অনুরোধ করা হয়।

২. চোরাচালানকারীদের বিরুদ্ধে অধিক তৎপর থাকার জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল
টেলিফোন : ০২-৪৭৭৭৭৩৩০১
ই-মেইল : dcnarail@mopa.gov.bd

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

## ফেব্রুয়ারি, ২০২৪ মাসের চোরাচালান প্রতিরোধ বিষয়ক জেলা টাস্কফোর্স সভার কার্যবিবরণী

**সভাপতি : মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী**
**জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল**

তারিখ : ১১ ফেব্রুয়ারি ২০২৪ সময় : বেলা ১১:১০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নড়াইল

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য)

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভায় জানুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত বিভিন্ন সংস্থার চোরাচালান বিরোধী টাস্কফোর্স অভিযানের তথ্য উপস্থাপন করা হয় যা নিম্নরূপঃ

| সংস্থার নাম | পরিচালিত অভিযানের সংখ্যা | দায়েরকৃত মামলার সংখ্যা | আটককৃত পণ্যের মূল্য | আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলার সংখ্যা | আটক ব্যক্তির সংখ্যা | আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| টাস্কফোর্স | ০৫ | -- | -- | -- | -- | -- | -- |
| পুলিশ | ৫৬ | -- | -- | -- | -- | -- | -- |
| বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদক বিরোধী অভিযান সংক্রান্ত তথ্য | ৯১ | ১০ | -- | -- | ১০ | ১০ | গাঁজা ২৫০গ্রাম ও ইয়াবা-১০ পিস জব্দ করা হয় এবং ১০টি মামলায় ১০জন আসামিকে বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদন্ডসহ ৮,৩০০/- (পাঁচ হাজার আটশত) টাকা জরিমানা করা হয়েছে। |

**সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

১. সাক্ষীগণ যেন আদালতে উপস্থিত হয়ে যথাযথভাবে সাক্ষ্য প্রদান করেন সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য পুলিশ সুপার, নড়াইল এবং বিজ্ঞ পিপি, নড়াইলকে অনুরোধ করা হয়।

২. অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিজ্ঞ পিপি, নড়াইলকে অনুরোধ করা হয়।

৩. চোরাচালান বিরোধী অভিযানে আটক মালামালের বিবরণী প্রতি মাসে প্রদানের জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ জানানো হয়।

চলমান পাতা-২

৪. নড়াইল জেলা সীমান্তবর্তী নয়। তবে এ জেলা যেন চোরাচালানের রুট হিসেবে ব্যবহৃত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হয়।

৫. মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের পাশাপাশি প্রযোজ্য ক্ষেত্রে নিয়মিত মামলা দায়েরসহ টাস্কফোর্সের অভিযান বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

৬. প্রতি মাসে কমপক্ষে ৫টি কার্যকর টাস্কফোর্স অভিযান পরিচালনা করার জন্য রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নড়াইলকে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল
টেলিফোন : ০২-৪৭৭৭৭৩৩০১
ই-মেইল : dcnarail@mopa.gov.bd